

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.১৬১

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৮

২৭ জুন ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ২৯৩৯/২০২১ মামলা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সফিউল ইসলাম, সহকারী শিক্ষক, শোভাঞ্জ দ্বি-মুখী বালিকা উচ্চ বিদ্যালয়, উপজেলা-সুন্দরগঞ্জ, জেলা-গাইবান্ধা ২৬/০৪/১৯৯৭ খ্রি: তারিখে চাকুরীতে যোগদান করেন এবং এখনো এ পদে কর্মরত আছেন। বিদ্যালয় পরিচালনা কমিটির জটিলতার কারণে তিনি মে/২০১৪ হতে জুন/২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত সরকারি অংশের বেতন ভাতাদি বাবদ ১০,১৭,০৯০/- (দশ লক্ষ সতের হাজার নব্বই) টাকা উত্তোলন করতে পারেননি। উক্ত টাকা উত্তোলনের মঞ্জুরী প্রদান করার জন্য প্রধান শিক্ষক মহাপরিচালক মহোদয় বরাবর ১৫/০৮/২০১৯ খ্রি: তারিখে পত্রের মাধ্যমে অনুরোধ করেন। মহাপরিচালকের দপ্তর হতে ৩১/১২/২০১৯ খ্রি: তারিখে ৪১০৫ সংখ্যক পত্রে জনাব মোঃ সফিউল ইসলাম এর উল্লিখিত সময়ের সরকারি অংশের বেতন-ভাতাদি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এম. পি. ও নীতিমালা-২০১৮ এর ১৮.৫ ধারা অনুযায়ী বকেয়া বেতন-ভাতাদি উত্তোলন করা যাবেনা। তাঁর এ বকেয়া টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দায়-দায়িত্ব বহন করবেন এবং বকেয়া বেতন-ভাতাদি দেয়ার সুযোগ নেই মর্মে প্রধান শিক্ষকে জানিয়ে দেয়া হয়েছে।

২। এমতাবস্থায়, যেহেতু সরকারি আর্থিক সংশ্লিষ্ট থাকায় জনাব মো: সফিউল ইসলাম কর্তৃক দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৯৩৯/২০২১ এর বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৬-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

ইমেইল: jalil20012@gmail.com

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.১৬১/১(৫)


তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৮

২৭ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৭-৬-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব